

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কালিয়াকৈর, গাজীপুর।



[www.dwa.kaliakair.gazipur.gov.bd](http://www.dwa.kaliakair.gazipur.gov.bd)

স্মারক নং-৩২.০১.৩৩৩২.০০১.২১.০০৩.২৩- ৪২৪

তারিখঃ-১৫/১০/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ -৩২.০১.০০০০.০০৫.২৩.০০১.১৫.৩১৮, তারিখঃ-২৫/০৯/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব পত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থ বছরেও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর ২০২৩ হতে ১০ ডিসেম্বর ২০২৩) এবং ০৯ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ বেগম রোকেয়া দিবস উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের সংযুক্ত নীতিমালার আলোকে ০৫ ক্যাটাগরীতে (১) অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী, (২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী, (৩) সফল জননী, (৪) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী, এবং (৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী এর প্রত্যেকটি ক্যাটাগরীতে গাজীপুর জেলাধীন কালিয়াকৈর উপজেলার ০৯ টি ইউনিয়ন হতে জয়িতা নির্বাচন করে আগামী-৩১/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

০১। আবেদনকারীর ০৬ (ছয়) কপি পাসপোর্ট সাইজের ছবি।

০২। নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত প্রোফাইল (প্রয়োজনীয় অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে)।

০৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০২ টি।

০৪। সংশ্লিষ্ট ক্যাটাগরীতে সাফল্য অর্জনের স্বপক্ষে বিভিন্ন স্মারক/ ছবি সংযুক্ত করতে হবে। (যদি থাকে)

সংযুক্তিঃ


০১। আবেদন ফরম ০১ টি

প্রাপকঃ

চেয়ারম্যান

----- ইউনিয়ন পরিষদ

কালিয়াকৈর, গাজীপুর।

  
সানজিদা মজুমদার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
কালিয়াকৈর, গাজীপুর।

ই-মেইল-[kaliakairuao@gmail.com](mailto:kaliakairuao@gmail.com)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।

০৩। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।

০৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।

০৫। অফিস কপি।